[redacted]

[redacted] (2) [redacted]

[redacted]

[redacted]

[redacted] (2) [redacted]

[redacted]

[redacted]

[

গতকাল শনিবার সন্ধ্যায় পোড়াদহে এ ঘটনা ঘটেছে। পোড়াদহ জিআরপি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এ তথ্য নিশ্চিত করেন। নিহত অর্ক পোড়াদহ স্টেশন এলাকার পল্টুর ছেলে।

ওসি জানান, বিকাল পৌঁনে ৫টার দিকে বেনাপোল এক্সপ্রেস চলন্ত ট্রেন থেকে লাফিয়ে পড়ে অর্ক নামে এক যুবক ঘটনাস্থলেই নিহত হয়। খবর পেয়ে নিহতের লাশ উদ্ধার করা হয়েছে। পরে নিহতের লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়। এ ঘটনায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

- নিজস্ব প্রতিনিধি

চুয়াডাঙ্গায় সড়ক দূর্ঘটনায় ভারতীয় নাগরিক নিহত

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনায় সড়ক দূর্ঘটনায় ভারতীয় নাগরিক তফন বিশ্বাস (৪২) নিহত হয়েছেন।

শুক্রবার রাত ১০টার দিকে দামুড়হুদা উপজেলার দর্শনা বাসস্ট্যান্ডে একটি আখবোঝায় পাউয়ার ট্রলারের ধাক্কায় তিনি নিহত হন। তিনি ভারতের ২৪ পরগনা জেলার জুববাড়িয়া গ্রামের ওমর বিশ্বাসের ছেলে।

দামুড়হুদা থানার অফিসার ইনচার্জ (ওসি) সুকুমার বিশ্বাস জানান, রাত ১০টার দিকে ভারতীয় নাগরিক তফন বিশ্বাস দর্শনা বাসস্ট্যান্ডে দাঁড়িয়ে ছিলেন। তিনি পাসপোর্টধারী ভারতীয় নাগরিক হিসেবে বৈধপথে সীমান্ত অতিক্রম করে চুয়াডাঙ্গায় এসেছিলেন। দূর্ঘটনায় আহত হওয়ার পর তাকে চুয়াডাঙ্গা সদর হাসাপাতালে নিয়ে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। তার লাশ নিয়মতান্ত্রিক পদ্ধতিতে ভারতে পুলিশের হাতে হস্তান্তর করা হবে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. শামীম কবির জানান, রাতে তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে এনে ভর্তি করা হয়। চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে ময়না তদন্ত করা হবে।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় পিকআপ চাপায় এক বৃদ্ধ পথচারী নিহত

চুয়াডাঙ্গার শহরতলী দৌলাৎদিয়াড় গ্রামের পিকআপের চাপায় রবিউল ইসলাম (৬০) নামের এক বৃদ্ধ পথচারী নিহত হয়েছেন। রবিবার সকাল সাড়ে ৯টায় এ দূর্ঘটনা ঘটে।

নিহত রবিউল ইসলাম দৌলাৎদিয়াড় বঙ্গজপাড়ার মৃত আওলাদ মন্ডলের ছেলে।
স্থানীয়রা জানান, রবিবার সকালে রবিউল ইসলাম বাড়ি থেকে বেরিয়ে রাস্তা পার হচ্ছিলো।

এসময় দ্রæতগামির একটি পিকআপ তাকে ধাক্কা দিলে তিনি মারাত্মক আহত হন। এলাকাবাসী তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়। পরে সকাল ১০টায় মারা যান তিনি।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় আবার মৃত্যু

মেহেরপুর সড়কে মৃত্যুর মিছিল যেন থামছেই না। ২ জন মৃত্যুবরন করার একদিন পার না হতে আবারও ঘটলো মৃত্যুর ঘটনা।

রবিবার বিকেলের দিকে মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল গ্রামের মাইক্রোর ধাক্কায় আব্দুল লতিফ ৭০ নামের এ বৃদ্ধ নিহত হন।

নিহত আব্দুল লতিফ মেহেরপুর শহরের সাহাজি পাড়ার আহমদ আলীর ছেলে।

জানা গেছে আব্দুল লতিফ ঘটনার সময় চাঁদবিল থেকে সাইকেল যোগে মেহেরপুর ফেরার পথে একই দিক থেকে আসা একটি দ্রুতগামী মাইক্রো বাস তাকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়।

ঘটনাস্থলে আব্দুল লতিফের মৃত্যু হয়। খবর পেয়ে মেহেরপুর সদর থানার পুলিশ এবং দমকল বাহিনীর সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে লাশ উদ্ধার করে।

- নিজস্ব প্রতিনিধি

শশুরবাড়ি যাওয়া হলো না বাসাদের

সদ্য বিবাহিত বাসাদ আলী শশুরবাড়ি যাওয়ার পথে ট্রাকের চাপায় নিহত হয়েছে। শনিবার মেহেরপুর সদর উপজেলার দারিয়াপুর-হরিরামপুর মাঠের সড়কে এ ঘটনা ঘটে।

নিহত বাসাদ আলী সদর উপজেলার ঝাঝা গ্রামের মহসিন আলীর ছেলে।

স্থানীয়রা জানান, বাসাদ আলী গত এক মাস আগে মালয়েশিয়া থেকে বাড়ি আসে। মাস খানেক হবে দারিয়াপুর গ্রামে বিবাহ করে।

শশুরবাড়ি যাওয়ার পথে বিদ্যাধরপুর নামক গ্রামের নিকট পৌছালে বিপরীত দিক থেকে আসা একটি মাটি বোঝাই ট্রাকটরের নিচে পড়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

- নিজস্ব প্রতিনিধি

[redacted]

[redacted] [redacted] [redacted] [

রিপন ও আব্বস গুরুতর জখম হয়। তাদের উদ্ধার করে মেহেরপুরে জেনারেল হাসপাতালে নিয়ে আসলে পথিমধ্যেই জামালের মৃত্যু হয়।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর প্রতিদিন এর চীফ রিপোর্টার রুপক সড়ক দুর্ঘটনায় আহত

সড়ক দুর্ঘটনায় মেহেরপুর প্রতিদিন এর চীফ রিপোর্টার মর্তুজা ফারুক রুপক আহত হয়েছেন। বুধবার সকালে শহরের কালাচাঁদপুর ব্রিজের উপর এ দুর্ঘটনা ঘটে।

মোটরসাইকেল যোগে শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে যাওয়ার পথে করিমনের সাথে মুখোমুখি সংঘর্ষে তিনি আহত হন।

এ সময় স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসে। তার ডান পায়ে পাঁচটি শেলাই সহ শরীরের বিভিন্ন অংশে আঘাত হয়েছে ।

মর্তুজা ফারুক রুপক শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের শিক্ষক, মেহেরপুর প্রতিদিনের চীফ রিপোর্টার ও ঢাকা১৮ পত্রিকার জেলা প্রতিনিধি হিসেবে কর্মরত আছেন।

নওগাঁয় সড়ক দুর্ঘটনায় মা-মেয়ে

নিহত

নওগাঁর সদর উপজেলার বটতলী ডাক্তারের মোড় এলাকায় ট্রাকের চাপায় মা ও মেয়ে নিহত হয়েছে। এ ঘটনায় আহত হয়েছে আরও ২ জন।

সোমবার সকাল সাড়ে ৭টার দিকে নওগাঁ-রাজশাহী মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। তাৎক্ষণিকভাবে হতাহতদের পরিচয় জানা যায়নি।

নিহতরা হলেন আদরী বেগম (২৫) ও তার মেয়ে সম্পা (৬)। তারা সদর উপজেলার চক আতিতা গ্রামের বাসিন্দা।

নওগাঁ সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (তদন্ত) ফায়সাল বিন আহসান গণমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেছেন।

– নিউজ ডেক্স